

# **া** সুনান আবূ দাউদ (তাহকিককৃত)

হাদিস নাম্বারঃ ৮২৮

২/ সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ১৩৮. নীরব কিরাআতের সালাতে মুক্তাদীর কিরাত পাঠ সম্পর্কে

بَابُ مَنْ رَأَى الْقِرَاءَةَ إِذَا لَمْ يَجْهَرِ الْإِمَامُ بِقِرَاءَتِهِ

#### আরবী

حَدَّتَنَا أَبُو الْوَلِيدِ الطَّيَالِسِيُّ، حَدَّثَنَا شُعْبَةُ، ح وَحَدَّثَنَا مُحَمَّدُ بْنُ كَثِيرٍ الْعَبْدِيُّ، أَخْبَرَنَا شُعْبَةُ الْمَعْنَى، عَنْ قَتَادَةَ، عَنْ ذُرَارَةَ، عَنْ عِمْرَانَ بْنِ حُصَيْنٍ، أَنَّ النَّبِيَّ صلي الله عليه وسلم صللَّى الظُّهْرَ فَجَاءَ رَجُلُ فَقَرَأَ خَلْفَهُ سَبِّحِ اسْمَ رَبِّكَ الْأَعْلَى فَلَمَّا فَرَغَ، قَالَ:أَيُّكُمْ قَرَأَ؟، قَالُوا: رَجُلُ، قَالَ:قَدْ عَرَفْتُ أَنَّ بَعْضَكُمْ خَالَجَنِيهَا، قَالَ أَبُو دَاوُدَ: قَالَ أَبُو الْوَلِيدُ فِي حَديثِهِ: قَالَ شُعْبَةُ: فَقُلْتُ لِقَتَادَةَ: أَلَيْسَ قَوْلُ سَعِيد أَنْصِتْ لِلْقُرْآنِ؟ قَالَ: ذَاكَ إِذَا جَهَرَ بِهِ، قَالَ ابْنُ كَثِيرِ فِي حَديثِهِ: قَالَ: قُلْتُ لِقَتَادَةَ: كَأَنَّهُ كَرِهَهُ قَالَ: لَوْ كَرِهَهُ نَهَى عَنْهُ جَهَرَ بِهِ، قَالَ ابْنُ كَثِيرِ فِي حَديثِهِ: قَالَ: قُلْتُ لِقَتَادَةَ: كَأَنَّهُ كَرِهَهُ قَالَ: لَوْ كَرِهَهُ نَهَى عَنْهُ

\_ صحیح : م

#### বাংলা

৮২৮। 'ইমরান ইবনু হুসায়ন (রাঃ) সূত্রে বর্ণিত। তিনি বলেন, একদা নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম যুহরের সালাত আদায় করছিলেন। এমন সময় এক ব্যক্তি এসে তাঁর পিছনে 'সাবিবহিসমা রব্বিকাল- অলা'' (সূরাহ আ'লা) পাঠ করল। সালাত শেষে নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম জিজ্ঞেস করলেন, তোমাদের মধ্যকার কে কিরাত করেছে? জবাবে তাঁরা বলেন, এক ব্যক্তি। তিনি সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বললেন, আমি বুঝতে পেরেছি তোমাদের কেউ আমাকে (কুরআন পাঠে) জটিলতায় ফেলেছে।

ইমাম আবূ দাউদ (রহঃ) বলেন, আবূল ওয়ালীদ তাঁর বর্ণিত হাদীসে উল্লেখ করেন যে, শু'বাহ বলেন, আমি কাতাদাহকে বললাম- সাঈদ কি বলেননি যে, "কুরআন পাঠের সময় চুপ থাক?" তিনি বললেনঃ এ হুকুম স্বরব কিরাত সম্পন্ন সালাতের জন্য।

ইমাম ইবনু কাসীর তার বর্ণিত হাদীসে উল্লেখ করেন যে, (শু'বাহ বলেন) আমি কাতাদাহকে বললাম, সম্ভবতঃ নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম যেন কিরাত পাঠ অপছন্দ করেছেন। তিনি বললেন, যদি তিনি অপছন্দ করতেন



তাহলে তিনি কিরাত পাঠে নিষেধ করতেন। [1]

সহীহ : মুসলিম।

## **English**

### Narrated Imran ibn Husayn:

The Prophet (ﷺ) led (us) in the noon prayer, and a man came and recited behind him "Glorify the name of thy Lord, the Most High" (Surah 87). When he finished (the prayer), he said: Which of you recited? They (the people) said: A man (recited). He said: I knew that some one of you confused me in it (in the recitation of the Qur'an).

Abu Dawud said: Abu al-Walid said in his version: Shu'bah said: I asked Qatadah: Did Sa'id not say: Listen attentively to the Qur'an? He replied: (Yes), but that applies to prayer in which it (the Qur'an) is recited aloud. Ibn Kathir said in his version: I said to Qatadah: Perhaps he (the Prophet) disliked it (recitation). He said: If he had disliked it, he would have prohibited it.

# ফুটনোট

[1] মুসলিম (অধ্যায়ঃ সালাত, অনুঃ মুক্তাদীর স্বশব্দে কিরাআত পাঠ নিষেধ), আবূ 'আওয়ানাহ সূত্রে কাতাদাহ থেকে। নাসায়ী (হাঃ ৯১৬) আমাদের নিকট হাদীস বর্ণনা করেছেন মুহাম্মাদ ইবনু মুসান্না, তিনি বলেন, আমাদের নিকট বর্ণনা করেছেন ইয়াহইয়া, তিনি বলেন আমাদের নিকট বর্ণনা করেছেন শুণবাহ। এবং আহমাদ (৪/৪২৬) তিনি বলেন, আমাদের নিকট হাদীস বর্ণনা করেছেন ইয়াহইয়া ইবনু সাঈদ, শুণবাহ সূত্রে।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ আল্লামা আলবানী একাডেমী 🛘 বর্ণনাকারীঃ ইমরান ইবনু হুসায়ন (রাঃ)

🧕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন